# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**06 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতির পরিপ্রেক্ষিতে বহুসংখ্যক শিক্ষার্থী ইতিমধ্যে দেশে ফিরে এলেও প্রায় ন'হাজার শিক্ষার্থী সহ ১৯ হাজার ভারতীয় নাগরিক বাংলাদেশে রয়েছেন বলে পররাষ্ট্র মন্ত্রী ডঃ এস জয়শঙ্করের প্রকাশ/

২) মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার পৌরহিত্যে আজ বিচারবিভাগের দ্বিতীয় বেতন কমিশনের ভাতাসমূহের সংশোধিত হার কার্যকর করা সংক্রান্ত বৈঠক/

এবং

৩) ভারতীয় আবহাওয়া দপ্তরের উত্তর-পশ্চিম এবং পূর্ব ভারতে আগামী দু-তিন দিন অবিরাম বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে পূর্বাভাস/

-------------------------------------------------------------------------

পররাষ্ট্র মন্ত্রী ডঃ এস জয়শঙ্কর আজ সংসদের উভয় সভার বৈঠকে প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতির সম্পর্কে বলেছেন যে- বর্তমানে প্রায় ন'হাজার শিক্ষার্থী সহ ১৯ হাজার ভারতীয় নাগরিক বাংলাদেশে রয়েছেন । বহুসংখ্যক শিক্ষার্থী ইতিমধ্যে ডাকায় থাকা ভারতীয় হাইকমিশনের পরামর্শ অনুযায়ী গতমাসে দেশে ফিরে এসেছে । ডঃ জয়শঙ্কর বলেছেন যে- বাংলাদেশের সংখ্যালঘুদের নিরাপত্তার বিষয়ে

ভারত চিন্তিত । তবে এক্ষেত্রে কোনোধরণের পদক্ষেপ গ্রহণের সময়ে আইন শৃঙ্খলা বজায় রাখার বিষয়ে অধিক গুরুত্ব দেওয়া হবে । তিনি বলেন যে- ভারত-বাংলাদেশ সীমান্ত অঞ্চলের সুরক্ষার বিষয়কে অধিক সতর্কতা অবলম্বন করা হবে । তিনি বলেন যে- বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদত্যাগ করার পর ভারতে আসার অনুমতি চেয়েছিলেন । এবং গতকাল সন্ধ্যায় তিনি দিল্লিতে এসে উপস্থিত হন । গত ২৪ ঘন্টায় নতুন দিল্লি ও ঢাকার প্রশাসনিক কর্তৃপক্ষের মধ্যে আলোচনা চলছে । বাংলাদেশের সেনাপ্রধান জেনারেল ওয়াকার উজ-জামান গতকাল সেদেশের জনসাধারণের উদ্দেশ্যে দেওয়া ভাষণেও দেশে একটি অর্ন্তবর্তীকালীন সরকার গঠন করে দায়িত্ব গ্রহণের কথা উল্লেখ করেছেন বলেও মন্ত্রী ডঃ জয়শঙ্কর জানিয়েছেন ।

এর আগে কেন্দ্রীয় সরকার বাংলাদেশের বর্তমান পরিস্থিতি সম্পর্কে আলোচনা করার জন্য আজ সকালে এক সর্বদলীয় বৈঠকের আহ্বান করে । নতুন দিল্লীতে অনুষ্ঠিত এই বৈঠকে পররাষ্ট্র মন্ত্রী ডঃ এস জয়শঙ্কর নেতাদের বাংলাদেশের সাম্প্রতিক ঘটনাবলী সম্পর্কে অবগত করান । তিনি সামাজিক মাধ্যম যোগে সর্বদলীয় বৈঠকে এই বিষয়ে পাওয়া পূর্ণ সমর্থনের প্রতি ধন্যবাদ জানান ।

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেন রিজিজু এবং কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপির জাতীয় সভাপতি জে পি নাড্ডা বৈঠকে উপস্থিত ছিলেন। লোকসভায় বিরোধী দলের নেতা রাহুল গান্ধী, তৃণমূল কংগ্রেসের নেতা সুদীপ বন্দোপাধ্যায়, এন সি পি শারদ পাওয়ার গোষ্ঠীর সুপ্রিয়া সোলে, আর জে ডি নেত্রী নিশা ভারতী, সমাজবাদী পার্টি নেতা অধ্যাপক রামগোপাল যাদব এবং ডি এম কে'র টি আর বালু প্রমুখ বিরোধী দলের বেশকয়েকজন নেতা এই বৈঠকে অংশ নেন ।

---------------------------------------------------------------------------------

মুক্তিযোদ্ধাদের পরিবারের জন্য বিশেষ সংরক্ষণ প্রধানের বিষয়টিকে কেন্দ্র করে বাংলাদেশে উদ্ভব হওয়া হিংসাত্মক ঘটনার পরবর্তীতে সংসদ ভঙ্গ হওয়ার পরিপ্রেক্ষিতে বাংলাদেশে অর্ন্তবর্তীকালীন সরকার গঠন করা হচ্ছে । সেদেশের রাষ্ট্রপতি মোহম্মদ সাহাবুদ্দিন গতকাল সেনাবাহিনীর তিনটি শাখার প্রদানরা সহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতা এবং নাগরিক সমাজের প্রতিনিধিদের সঙ্গে ঢাকার বঙ্গভবনে হওয়া বৈঠকের পর এই ঘোষণা করেন । সেনাবাহিনী বাংলাদেশের সাম্প্রতিক অরাজক পরিস্থিতি স্বাভাবিক করার ব্যবস্থা গ্রহণ করবে বলেও রাষ্ট্রপতি প্রকাশ করেছেন । এই বৈঠকে বিভিন্ন মামলায় দোষী সাব্যস্ত হয়ে গৃহবন্দী অবস্থায় থাকা বি এন পি'র অধ্যক্ষ তথা প্রাক্তন প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে মুক্ত করে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে । এছাড়া

সাম্প্রতিক বিক্ষোভে গ্রেপ্তার হওয়া সব ছাত্রছাত্রীদেরও মুক্ত করে দেওয়ার জন্য রাষ্ট্রপতি সাহাবুদ্দিন নির্দেশ দিয়েছেন ।

এদিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল পদত্যাগ করে বিশেষ বিমানে করে ঢাকার থেকে দিল্লিতে এসে পৌঁছেছেন । এরপর সেনাবাহিনী তাৎক্ষণিকভাবে ক্ষমতা নিজের হাতে নিয়ে নেয় । এরপর সেনাবাহিনীর প্রধান ওয়াকিব উজ-জামান রাষ্ট্রের উদ্দেশ্যে দেওয়া ভাষণে অর্ন্তবর্তীকালীন সরকার গঠনের কথা ঘোষণা করে আন্দোলনরত ছাত্রছাত্রীদের শান্ত হবার আহ্বান জানান ।

অন্যদিকে বাংলাদেশের অশান্ত পরিস্থিতির প্রতি লক্ষ্য রেখে কেন্দ্রীয় সরকার ভারত-বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্তে নিরাপত্তা ব্যবস্থা আরো জোরদার করেছে । এই সীমান্ত বিশেষ করে পশ্চিমবঙ্গ এবং উত্তর পূর্বাঞ্চলের কয়েকটি রাজ্যের সঙ্গে সংযোজিত রয়েছে । পশ্চিমবঙ্গ সহ আসাম, ত্রিপুরা, মেঘালয়, মিজোরামের সঙ্গে সংলগ্ন বাংলাদেশ সীমান্ত এলাকায় উচ্চ সতর্কতা জারী করা হয়েছে । এছাড়া সীমা সুরক্ষা বাহিনী (বি এস এফ) কড়া প্রহরা অব্যাহত রেখেছে ।

সাম্প্রতিক পরিস্থিতিতে প্রতিবেশী দেশটি ভ্রমণ না করতে কেন্দ্রীয় সরকার নাগরিকদের প্রতি আহ্বান জানিয়েছে । এদিকে বাংলাদেশে বসবাসরত ভারতীয়দের বাড়ী থেকে বাইরে না বেরোনোর পরামর্শ দিয়ে ঢাকায় থাকা ভারতীয় দূতাবাসের সঙ্গে যোগাযোগ রাখার নির্দেশ দেওয়া হয়েছে ।

-----------------------------------------------------------------------------

এদিকে করিমগঞ্জ জেলার ভারত-বাংলাদেশ সীমান্তে উচ্চ সতর্কতা জারীর পাশাপাশি বি এস এফ ও আসাম পুলিশের সেকেন্ড লাইন ডিফেন্সের জৌথ নজরদারি বৃদ্ধি করা হয়েছে বলে আমাদের করিমগঞ্জ সংবাদদাতা জানিয়েছেন । বি এস এফ এই সীমান্তে বসবাসকারী নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে সর্বাত্মক প্রয়াস চালিয়ে যাচ্ছে ।

অন্যদিকে উত্তর করিমগঞ্জের বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ বাংলাদেশে নির্যাতিত সংখ্যালঘুদের ভারতে আশ্রয় দেবার দাবী জানিয়ে প্রধানমন্ত্রীর উদ্দেশ্যে এক স্মারকপত্র পাঠিয়েছেন । জেলা আয়ুক্ত মৃদুল যাদবের কাছে প্রধানমন্ত্রীর উদ্দেশ্যে দেওয়া এই স্মারকপত্র তিনি আজ জমা দেন ।

-----------------------------------------------------------------------------মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার পৌরহিত্যে আজ বিচার বিভাগের দ্বিতীয় বেতন কমিশনের ভাতাসমূহের সংশোধিত হারের ওপরে পরামর্শ ও কার্যকর করা সম্পর্কে বৈঠক অনুষ্ঠিত হয় ।বৈঠকে মন্ত্রী রণজিৎ কুমার দাস ছাড়াও আইন ও বিচার বিভাগের উচ্চপদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------

সরকার সাইবার অপরাধ দমনের জন্য দেশের এক কোটি ৯২ লক্ষ সিমকার্ড ব্লক করেছে । সংসদে প্রশ্নোত্তরকালে এক পরিপূরক প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় অর্থ প্রতিমন্ত্রী পংকজ চৌধুরী বলেন যে সাইবার জালিয়াতি দমনের জন্য সরকার শূণ্য সহনশীলতা নীতি গ্রহণ করেছে । তিনি বলেন যে ১৯৩০ টোল ফ্রি নম্বরে সাইবার জালিয়াতির বিরুদ্ধে অভিযোগ জানাতে পারেন ।

-----------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার বলেছে যে দেশে বিগত ১০ বছরে মাওবাদী সন্ত্রাসবাদ হ্রাস পেয়েছে । ২০১৪ সালের মে থেকে চলতি বছরের এপ্রিল মাস পর্যন্ত মাওবাদী সন্ত্রাসবাদজনিত ঘটনা ২০০৪ থেকে ২০১৪ সালের এপ্রিলের তুলনায় ৫৩ শতাংশ হ্রাস পেয়েছে । লোকসভায় আজ পরিপূরক প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রায় একথা জানান । তিনি মাওবাদী সন্ত্রাসবাদ প্রভাবিত জেলার সংখ্যাও সম্প্রতি ৩৮ শে হ্রাস পেয়েছে বলে উল্লেখ করেন । তিনি বলেন যে দেশে ২০১৩ সালে মাওবাদী সন্ত্রাসবাদ প্রভাবিত ১২৬ টি জেলা ছিলো । মাওবাদী সন্ত্রাসবাদ প্রবাবিত এলাকাগুলিতে অসামরিক ও সুরক্ষাবাহিনীর মৃত লোকের সংখ্যাও যথেষ্ট হ্রাস পেয়েছে বলে মন্ত্রী জানান । তিনি বলেন যে ২০০৪ সাল থেকে ২০১৪ সালের মধ্যে মাওবাদী সন্ত্রাসবাদজনিত ঘটনায় এক হাজার ৮০০ শোরও অধিক সুরক্ষা কর্মী প্রাণ হারান এবং বিগত ১০ বছরে এধরণের লোকের সংখ্যা ৫০৯ এ হ্রাস পেয়েছে ।

-----------------------------------------------------------------------------

গৌহাটীতে গতকাল বিকেলে অবিরাম বৃষ্টিপাতের ফলে জমা জলে জনসাধারণের স্বাভাবিক জীবনযাত্রা স্তব্ধ হয়ে পড়ে । মূল সড়ক ছাড়াও অধিকাংশ উপসড়ক , দোকান বাজার,বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠান ,বাড়ী ঘরে জল জমে যাবার ফলে মহানগরীর অধিকাংশ স্থানে তীব্র যানজটের সৃষ্টি হয় । স্কুল ,কলেজের শিক্ষার্থী ,শিক্ষক ,বিভিন্ন অফিস কাছারী ,ব্যাবসায়িক প্রতিষ্ঠানের কর্মচারী এবং পথচারীদের অনেক রাত পর্যন্ত বিভিন্ন স্থানে আটকে থাকতে হয় । নানা স্থানে জল জমে থাকায় জনসাধারণকে বিশেষ অসুবিধার সম্মুখীন হতে হয় ।

এদিকে ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ উত্তর-পশ্চিম ও পূর্ব ভারতে আগামী দুই তিনদিন অবিরাম বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে পূর্বাভাসে জানিয়েছে । বিভাগের তথ্য অনুসারে আসাম সহ অরুণাচলপ্রদেশ ,মেঘালয় ,নাগালেন্ড ,মণিপুর ,মিজোরাম ,ত্রিপুরা ,পশ্চিমবঙ্গ ও সিকিমে আগামী ১০ আগস্ট পর্যন্ত হালকা তথা সময়ে সময়ে মুষলধারে বৃষ্টিপাত হতে পারে বলে সতর্কতা জারী করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলার সমগ্র শিক্ষা অভিযানের উদ্যোগে জেলায় জোন ভিত্তিক পাঁচ দিবসীয় আবাসিক বুনিয়াদী স্বাক্ষরতা এবং সাংখ্যিকতার প্রশিক্ষন গত দোসরা অগাষ্ট থেকে শিলচরের দুটি পৃথক পৃথক স্থানে শুরু হয়েছে । দুটি শিবিরে মোট ১৮১ জন শিক্ষক-শিক্ষিকা অংশগ্রহন করেছেন । প্রশিক্ষন কর্মশালায় জাতীয় শিক্ষানীতি-২০২০-র আওতায় বুনিয়াদী স্তরের সাক্ষরতা এবং সাংখ্যিকতার বুনিয়াদী কৌশলগুলি শিশুদের রপ্ত করার উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

করিমগঞ্জের জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জেলায় কীটনাশক মনোক্রপ্টোফস ৩৬ শতাংশ এস এল-এর বিক্রি , মজুত ,বিতরন ও ব্যবহার নিষিদ্ধ করতে জেলা কৃষি আধিকারীককে নির্দেশ দিয়েছেন । বিজ্ঞপ্তীতে জেলার চা বাগান ও শাক সবজীতে মনোক্রপ্টোফস ৩৬ শতাংশ এস এল-এর ব্যবহার কঠোরভাবে নিষিদ্ধ করতে কীটনাশক পরিদর্শকদের মাধ্যমে ব্যবস্থা গ্রহন করার নির্দেশ দেওয়া হয়েছে । ১৯৬৮ সালের কীটনাশক আইন ও ধারা অনুসারে মনোক্রপ্টোফসের অবৈধ বিক্রি , বিতরন , ব্যবহার ও মজুত বন্ধ করার তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহন করতে বিজ্ঞপ্তিতে নির্দেশ দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার কলেজগুলিতে আধার এনরোলমেন্ট কেন্দ্র খোলা হবে । গতকাল জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতমের পৌরহিত্যে আয়োজিত জেলা উন্নয়ন কমিটির সভায় একথা জানানো হয় । সবায় আরো জানানো হয় যে আরোহন প্রকল্পের আওতায় জেলার ৫৬ জন শিক্ষার্থীকে আগামী নভেম্বর মাসে সরকারী খরচে গুয়াহাটীর আই আই টি-সহ বিভিন্ন প্রতিষ্ঠানে ঘুরতে নিয়ে যাওয়া হবে । এছাড়া সভায় কৃষি বিভাগ থেকে জানানো হয় যে জেলায় ১৭ হাজার কৃষককে প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনায় অর্ন্তভুক্ত করার লক্ষ্য থাকলেও এখনো পর্য্যন্ত ২২ হাজার কৃষককে এই যোজনার আওতায় আনা সম্ভব হয়েছে । সভায় বিভিন্ন বিভাগের চলতি প্রকল্প রূপায়নের সমস্যা ও অগ্রগতি নিয়েও আলোচনা করা হয় ।

---------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অফ শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং ময়নাগড়ের স্বামী বিবেকানন্দ সেবা সমিতির ব্যবস্থাপনায় আগামী ১৩ই অগাষ্ট ময়নাগড় চা বাগানের দূর্গা মন্দিরে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---------------------------------------------------------------------------------------

ধলাই-র মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় মণিপুরী ওয়েলফেয়ার সোসাইটি ৩-০ গোলের ব্যবধানে ছোট শালগঙ্গা এফ সি দলকে পরাজিত করেছে । ধলাই-র  বাম নিত্যানন্দ বাম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় বিশাল টিম এফ সি খেলবে কর্কট এফ সি দলের মুখোমুখি হবে ।

-----------------------------------------------------------------------------